



ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং- ২১

০২ জুন ২০২২
তারিখঃ -----
১৯ জ্যৈষ্ঠ ১৪২৯

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

Single Borrower and Large Loan Exposure Limit

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০১ তারিখ: ১৬ জানুয়ারি ২০২২ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। সূত্রোল্লিখিত সার্কুলারের মাধ্যমে একক গ্রাহক/গ্রুপ এবং বৃহদাংক ঋণ সীমা সংক্রান্ত সমন্বিত নীতিমালা প্রণয়ন করা হয়। উক্ত নীতিমালার অনুচ্ছেদ 1(B)(iii) অনুযায়ী ব্যাংক কর্তৃক কোন একক গ্রাহক বা গ্রুপের অনুকূলে প্রদত্ত ঋণ ব্যাংকের মূলধনের ১০% বা তার বেশি হলে তা বৃহদাংক ঋণ হিসেবে বিবেচিত হবে। এছাড়া উক্ত সার্কুলারের অনুচ্ছেদ 2(B)(ii)-এ ব্যাংকের পোর্টফোলিও পর্যায়ে বৃহদাংক ঋণের সর্বোচ্চ সীমা নির্ধারণকালে নন-ফান্ডেড সুবিধার বিপরীতে বিদ্যুৎ খাতের ক্ষেত্রে ২৫% এবং অন্যান্য সকল খাতের ক্ষেত্রে ৫০% কনভারশন ফ্যাক্টর ব্যবহারের নির্দেশনা প্রদান করা হয়।

৩। এ ক্ষেত্রে, উক্ত সার্কুলারের অনুচ্ছেদ 1(B)(iii) এ প্রদত্ত সংজ্ঞানুযায়ী বৃহদাংক ঋণ হিসাবায়ন এবং তদ্পরবর্তীতে ফরম-এল এ রিপোর্টিং এর ক্ষেত্রে নন-ফান্ডেড ঋণের বিপরীতে কনভারশন ফ্যাক্টর ব্যবহৃত হবে কি-না সে বিষয়ে বিভিন্ন ব্যাংকের জিজ্ঞাসার প্রেক্ষিতে এ মর্মে স্পষ্টীকরণ করা যাচ্ছে যে, অনুচ্ছেদ 1(B)(iii) অনুযায়ী কোন একক গ্রাহক বা গ্রুপের অনুকূলে প্রদত্ত বৃহদাংক ঋণ হিসাবায়নকালে নন-ফান্ডেড সুবিধার বিপরীতে কোন ধরনের কনভারশন ফ্যাক্টর ব্যবহৃত হবে না; অর্থাৎ ফান্ডেড এবং নন-ফান্ডেড উভয় এক্সপোজারের ১০০% বৃহদাংক ঋণ হিসাবায়নে অন্তর্ভুক্ত হবে। তবে, ব্যাংকের পোর্টফোলিও পর্যায়ে বৃহদাংক ঋণের সর্বোচ্চ সীমা নির্ধারণের ক্ষেত্রে অনুচ্ছেদ 2(B)(ii)-এর নির্দেশনা মোতাবেক কনভারশন ফ্যাক্টর ব্যবহার করতে হবে।

৪। এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে এবং এ নির্দেশনা জারির পূর্বে কনভারশন ফ্যাক্টর ব্যবহারপূর্বক বৃহদাংক ঋণ হিসাবায়ন ও ফরম-এল এ রিপোর্টিং করা হয়ে থাকলে ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এর সাথে যোগাযোগকরতঃ যথাশীঘ্র উক্ত রিপোর্ট সংশোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৫। সূত্রোক্ত সার্কুলারসহ এতদসংশ্লিষ্ট বিদ্যমান অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৬। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মাকসুদা বেগম)
পরিচালক (বিআরপিডি)
ফোনঃ ৯৫৩০২৫২